# এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম

## বাস্তবায়ন প্রবিধান

## নবম ও দশম শ্রেণি

## ২০১৩ শিক্ষাবর্ষ থেকে কার্যকর

সাধারণ শিক্ষা ও ভোকেশনাল শিক্ষার সমন্বয়ে শিক্ষিত দক্ষ জনসম্পদ সৃষ্টির লক্ষে ১৯৯৫ সন হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক প্রবর্তিত


# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭


ZABBASIE:\Course Stractur IX 13\Probidhan 2013 Final.doc

# এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম

## বাস্তবায়ন প্রবিধান

## নবম ও দশম শ্রেণি

(বাস্তবায়ন প্রবিধান ২০০৯ ও ২০১৩-এর তুলনা মূলক বিবরনী)

| ২০০৯ বাস্তবায়ন প্রবিধান | | | | ২০১৩ বাস্তবায়ন প্রবিধান | | | |
|---|---|---|---|---|---|---|---|
| বিষয় | শ্রেণির মোট নম্বর | | বিষয়ের মোট নম্বর | বিষয় | শ্রেণির মোট নম্বর | | বিষয়ের মোট নম্বর |
| | নবম | দশম | | | নবম | দশম | |
| বাংলা | ১০০ | ১০০ | ২০০ | বাংলা | ১০০ | ১০০ | ২০০ |
| ইংরেজি | ১০০ | ১০০ | ২০০ | ইংরেজি | ১০০ | ১০০ | ২০০ |
| গণিত | ১০০ | ১০০ | ২০০ | গণিত | ১০০ | ১০০ | ২০০ |
| ধর্ম | ৫০ | ৫০ | ১০০ | ধর্ম ও নৈতিক শিক্ষা | ৫০ | ৫০ | ১০০ |
| সামজিক বিজ্ঞান | ৫০ | ৫০ | ১০০ | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | ১০০ | ১০০ | ২০০ |
| পদার্থ বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ | পদার্থ বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ |
| রসায়ন বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ | রসায়ন বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ |
| কম্পিউটার এ্যাপ্লিকেশন | ৫০ | ৫০ | ১০০ | কম্পিউটার এ্যাপ্লিকেশন | ৫০ | ৫০ | ১০০ |
| ইঞ্জিনিয়ারিং ড্রইং | ৫০ | ০ | ৫০ | ইঞ্জিনিয়ারিং ড্রইং | ৫০ | ০ | ৫০ |
| আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ | ০ | ৫০ | ৫০ | আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ | ০ | ৫০ | ৫০ |
| ট্রেড-১ | ১৫০ | ১৫০ | ৩০০ | ট্রেড-১ | ২০০ | ২০০ | ৪০০ |
| ট্রেড-২ | ১৫০ | ১৫০ | ৩০০ | ট্রেড-২ | ২০০ | ২০০ | ৪০০ |
| শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ | ৫০ | ৫০ | ১০০ | শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ | ৫০ | ৫০ | ১০০ |
| | | | | শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা | ৫০ | ৫০ | ১০০ |
| মোট | ১০০০ | ১০০০ | ২০০০ | মোট | ১২০০ | ১২০০ | ২৪০০ |
| ঐচ্ছিক বিষয় | ১০০ | ১০০ | ২০০ | ঐচ্ছিক বিষয় | ১০০ | ১০০ | ২০০ |
| সর্বমোট | ১১০০ | ১১০০ | ২২০০ | সর্বমোট | ১৩০০ | ১৩০০ | ২৬০০ |

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

## এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম

## বাস্তবায়ন প্রবিধান

**১.০ নাম ও মেয়াদ**

১.১ সাধারণ শিক্ষা ও ভোকেশনাল শিক্ষা সমন্বিত বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীনে পরিচালিত মাধ্যমিক পর্যায়ের এ শিক্ষাক্রমের নাম হবে এসএসসি (ভোকেশনাল)।

১.২ এ শিক্ষাক্রমের আওতাধীন পরিশিষ্ট-ক তে বর্ণিত ট্রেডসমূহ নির্ধারিত থাকবে।

১.৩ এ শিক্ষাক্রমের মেয়াদ হবে দু'বছর, যা নবম ও দশম শ্রেণিতে বাস্তবায়ন করা হবে।

১.৪ এ শিক্ষাক্রমে প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষা সময়কাল হবে ৩৬ কার্য সপ্তাহ এবং প্রতি সপ্তাহ হবে ৬ দিনের, প্রতি সপ্তাহে সর্বোচ্চ ৪৮ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে। প্রতি তাত্ত্বিক ও ব্যবহারিক পিরিয়ডের মেয়াদকাল হবে ৪৫ মিনিট, তবে ট্রেড বিষয়ের ব্যবহারিক ক্লাশ তিন পিরিয়ড একত্রে এবং অন্যান্য ব্যবহারিক ক্লাশ দুই পিরিয়ড একত্রে একটি ক্লাশ হবে। প্রতি শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর শিক্ষার্থীদেরকে ৬(ছয়) সপ্তাহ মেয়াদি সংশ্লিষ্ট ট্রেডে কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং) গ্রহণ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ একটি বিষয় হিসেবে গণ্য হবে।

**২.০ কাঠামো**

**২.১ নবম শ্রেণির বিষয়সমূহ এবং এর সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাস:**

| | ক্রঃ নং | বিষয় ও কোড | পিরিয়ড ও নম্বর বিন্যাস | পিরিয়ড | | | নম্বর বিন্যাস | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | তত্ত্বীয় | ব্যবঃ | মোট | তত্ত্বীয় | | ব্যবহারিক | | |
| | | | | | | | ধাঃ মূঃ | চূঃ মূঃ | ধাঃ মূঃ | চূঃ মূঃ | |
| আবশ্যিক | ১ | বাংলা-১ | ১৯১১ | ৩ | ০ | ৩ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ২ | ইংরেজি-১ | ১৯১২ | ৩ | ০ | ৩ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৩ | গণিত-১ | ১৯১৩ | ৩ | ০ | ৩ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৪ | বাংলাদেশ ও বিশ্বপরিচয়-১ | ১৯১৪ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৫ | পদার্থ বিজ্ঞান-১ (*১) | ১৯১৫ | ২ | ২ | ৬ | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৬ | রসায়ন বিজ্ঞান-১ (*১) | ১৯১৬ | ২ | | | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৭ | কম্পিউটার এ্যাপিল্বকেশন-১ | ১৯১৭ | ০ | ২ | ২ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | ৮ | ইঞ্জিনিয়ারিং ড্রইং | ১৯১৮ | ০ | ২ | ২ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | ৯ | শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা-১ | ১৯১৯ | ০ | ১ | ১ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | ১০ | ধর্ম ও নৈতিক শিক্ষা-১ | ১২১১-৪ | ১ | ০ | ১ | ২০ | ৩০ | ০ | ০ | ৫০ |
| | | | **আবশ্যিক মোট নম্বর** | **১৬** | **০৭** | **২৩** | **২২০** | **৩৩০** | **৯৯** | **১০১** | **৭৫০** |
| ট্রেডভিত্তিক আবশ্যিক বিষয় | ১১ | ট্রেড-১ (১ম পত্র) | **১৩ | ২ | ৯ | ১১ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১২ | ট্রেড-২ (১ম পত্র) | **১৪ | ২ | ৯ | ১১ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১৩ | শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ (৬ সপ্তাহ) | **৮১ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫০ | ৫০ |
| | | | **মোট নম্বর** | **২০** | **২৫** | **৪৫** | **৩০০** | **৪৫০** | **১৯৯** | **২৫১** | **১২০০** |
| ঐচ্ছিক বিষয়-১টি | ১৪ | উচ্চতর গণিত-১ (*২) | ১৩১১ | ৩/০ | ১/২ | ৩ | ৩০ | ৪৫ | ১২ | ১৩ | ১০০ |
| | | হিসাব বিজ্ঞান-১ | ১৩১২ | ৩ | ০ | | ৪০ | ৬০ | ০ | ০ | |
| | | ভূগোল ও পরিবেশ-১ | ১৩১৩ | ৩ | ০ | | ৪০ | ৬০ | ০ | ০ | |
| | | কৃষি শিক্ষা-১ (*৩) | ১৩১৪ | ২/১ | ১/২ | | ৩০ | ৪৫ | ১২ | ১৩ | |
| | | | **সর্বমোট নম্বর (ঐচ্ছিক বিষয়সহ)** | | | **৪৮** | | | | | **১৩০০** |

## ২.২ দশম শ্রেণির বিষয়সমূহ এবং উহার সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাস

| ক্রঃ নং | | বিষয় ও কোড / পিরিয়ড ও নম্বর বিন্যাস | | পিরিয়ড | | | নম্বর বিন্যাস | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | তত্ত্বীয় | ব্যবঃ | মোট | তত্ত্বীয় | | ব্যবহারিক | | |
| | | | | | | | ধাঃ মূঃ | চূঃ মূঃ | ধাঃ মূঃ | চূঃ মূঃ | |
| আবশ্যিক | ১ | বাংলা-২ | ১৯২১ | ৩ | ০ | ৩ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ২ | ইংরেজি-২ | ১৯২২ | ৩ | ০ | ৩ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৩ | গণিত-২ | ১৯২৩ | ৩ | ০ | ৩ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৪ | বাংলাদেশ ও বিশ্বপরিচয়-২ | ১৯২৪ | ২ | ০ | ২ | ৪০ | ৬০ | ০ | ০ | ১০০ |
| | ৫ | পদার্থ বিজ্ঞান-২ (*১) | ১৯২৫ | ২ | ২ | ৬ | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৬ | রসায়ন বিজ্ঞান-২ (*১) | ১৯২৬ | ২ | | | ২০ | ৩০ | ১২ | ১৩ | ৭৫ |
| | ৭ | কম্পিউটার এ্যাপ্লিকেশন-২ | ১৯২৭ | ০ | ২ | ২ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | ৮ | আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ | ১৯২৮ | ২ | ০ | ২ | ২০ | ৩০ | ০ | ০ | ৫০ |
| | ৯ | শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা-২ | ১৯২৯ | ০ | ১ | ১ | ০ | ০ | ২৫ | ২৫ | ৫০ |
| | ১০ | ধর্ম ও নৈতিক শিক্ষা-২ | ১২২১-৪ | ১ | ০ | ১ | ২০ | ৩০ | ০ | ০ | ৫০ |
| | | **আবশ্যিক মোট নম্বর** | | **১৬** | **০৭** | **২৩** | **২২০** | **৩৩০** | **৯৯** | **১০১** | **৭৫০** |
| ট্রেডভিত্তিক আবশ্যিক বিষয় | ১১ | ট্রেড-১ (২য় পত্র) | **২৩ | ২ | ৯ | ১১ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১২ | ট্রেড-২ (২য় পত্র) | **২৪ | ২ | ৯ | ১১ | ৪০ | ৬০ | ৫০ | ৫০ | ২০০ |
| | ১৩ | শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ (৬ সপ্তাহ) | **৮২ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫০ | ৫০ |
| | | **মোট নম্বর** | | **২০** | **২৫** | **৪৫** | **৩০০** | **৪৫০** | **১৯৯** | **২৫১** | **১২০০** |
| ঐচ্ছিক বিষয়-১টি | ১৪ | উচ্চতর গণিত-২ (*২) | ১৩২১ | ৩/০ | ১/২ | ৩ | ৩০ | ৪৫ | ১২ | ১৩ | ১০০ |
| | | হিসাব বিজ্ঞান-২ | ১৩২২ | ৩ | ০ | | ৪০ | ৬০ | ০ | ০ | |
| | | ভূগোল ও পরিবেশ-২ | ১৩২৩ | ৩ | ০ | | ৪০ | ৬০ | ০ | ০ | |
| | | কৃষি শিক্ষা-২ (*৩) | ১৩২৪ | ২/১ | ১/২ | | ৩০ | ৪৫ | ১২ | ১৩ | |
| | | **সর্বমোট নম্বর (ঐচ্ছিক বিষয়সহ)** | | **৪৮** | | | | | | | **১৩০০** |

**ধাঃ মু ঃ = ধারাবাহিক মূল্যায়ন, চূ ঃ মু ঃ = চূড়ান্ত মূল্যায়ন**

*১ -এক সপ্তাহে পদার্থ বিজ্ঞানের ব্যবহারিক ক্লাস হবে এবং পরের সপ্তাহে রসায়ন বিজ্ঞানের ব্যবহারিক ক্লাস হবে।

*২ -এক সপ্তাহে ৩ পিরিয়ড তত্ত্বীয় ও পরের সপ্তাহে এক পিরিয়ড তত্ত্বীয় ও দুই পিরিয়ড ব্যবহারিক।

*৩ -এক সপ্তাহে ২ পিরিয়ড তত্ত্বীয় ও এক পিরিয়ড ব্যবহারিক এবং পরের সপ্তাহে এক পিরিয়ড তত্ত্বীয় ও দুই পিরিয়ড ব্যবহারিক।

** ট্রেড কোড নম্বর।

### উপরিউক্ত কোডের নম্বর বিন্যাস নিম্নরূপ: (বাম থেকে ডানে)

প্রথম অংক : ১ দ্বারা এসএসসি/দাখিল(ভোকেশনাল) বোঝাবে
দ্বিতীয় অংক : বিষয় ক্যাটাগরি (৯ কমন বিষয়, ২ ধর্ম বিষয়, ৩ ঐচ্ছিক বিষয় বোঝাবে)
তৃতীয় অংক : শ্রেণি (১ নবম শ্রেণি, ২ দশম শ্রেণি বোঝাবে)
চতুর্থ অংক : সংশ্লিষ্ট ক্যাটাগরির বিষয়ের ক্রমিক নম্বর (ধর্ম বিষয়ের ক্ষেত্রে ১ ইসলাম ধর্ম ও নৈতিক শিক্ষা, ২ হিন্দু ধর্ম ও নৈতিক শিক্ষা, ৩ খ্রিষ্টধর্ম ও নৈতিক শিক্ষা, ৪ বৌদ্ধ ধর্ম ও নৈতিক শিক্ষা, এবং ট্রেড বিষয়ের ক্ষেত্রে ৩. ট্রেড-১, ৪. ট্রেড-২ বোঝাবে)।

## এসএসসি (ভোকেশনাল) এর চূড়ান্ত মূল্যায়নের নম্বর বিন্যাস

| ক্র. ন. | বিষয় | শ্রেণির মোট নম্বর | | বিষয়ের মোট নম্বর | প্রাপ্ত লেটার গ্রেড | প্রাপ্ত গ্রেড পয়েন্ট |
|---|---|---|---|---|---|---|
| | | নবম | দশম | | | |
| ১. | বাংলা | ১০০ | ১০০ | ২০০ | | |
| ২. | ইংরেজি | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৩. | গণিত | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৪. | ধর্ম ও নৈতিক শিক্ষা | ৫০ | ৫০ | ১০০ | | |
| ৫. | শারীরিক শিক্ষা,স্বাস্থ্য বিজ্ঞান এবং খেলাধুলা | ৫০ | ৫০ | ১০০ | | |
| ৬. | বাংলাদেশ ও বিশ্বপরিচয় | ১০০ | ১০০ | ২০০ | | |
| ৭. | পদার্থ বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ | | |
| ৮. | রসায়ন বিজ্ঞান | ৭৫ | ৭৫ | ১৫০ | | |
| ৯. | কম্পিউটার এ্যাপ্লিকেশন | ৫০ | ৫০ | ১০০ | | |
| ১০. | ইঞ্জিনিয়ারিং ড্রইং | ৫০ | ০ | ৫০ | | |
| ১১. | আত্মকর্মসংস্থান ও ব্যবসায় উদ্যোগ | ০ | ৫০ | ৫০ | | |
| ১২. | ট্রেড-১ | ২০০ | ২০০ | ৪০০ | | |
| ১৩. | ট্রেড-২ | ২০০ | ২০০ | ৪০০ | | |
| ১৪. | শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ | ৫০ | ৫০ | ১০০ | | |
| | **মোট** | **১২০০** | **১২০০** | **২৪০০** | | **GPA**(ঐচ্ছিক বিষয় ব্যতীত) |
| | ঐচ্ছিক বিষয় | ১০০ | ১০০ | ২০০ | | |
| | **সর্বমোট** | **১৩০০** | **১৩০০** | **২৬০০** | | **GPA**(ঐচ্ছিক বিষয়সহ) |

২.৩ শিক্ষার্থীগণ উল্লিখিত বিষয়সমূহের যে কোন একটি বিষয় ঐচ্ছিক বিষয় হিসেবে নির্বাচন করতে পারবে।

২.৪ পাঠ্যক্রম কাঠামোতে বিষয়/বিষয়সমূহের পরিবর্তন, নবায়ন ও সংযোজন এবং নতুন পাঠ্যসূচি সংযোজন ও বিদ্যমান পাঠ্যসূচি বিয়োজন করার ক্ষমতা ১৯৬৭ সনের ১ নং কারিগরি শিক্ষা আইন অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

## ৩.০ ভর্তির নিয়মাবলী

৩.১ কোন অনুমোদিত বিদ্যালয়/মাদ্‌রাসা হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট পরীক্ষায় পাশকৃত শিক্ষার্থী এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য দরখাস্ত করার যোগ্য হবে।

৩.২ শিক্ষার্থীদের বয়স ১২ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণীতে ভর্তি হতে পারবে না এবং ১৮ বছরের বেশি বয়সের শিক্ষার্থী এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণিতে অধ্যয়ন করতে পারবে না।

৩.৩ বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কমিটির সুপারিশকৃত নীতিমালা অনুসারে নবম শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

## ৪.০ নিবন্ধন

৪.১ নবম শ্রেণিতে ভর্তির সময় নির্ধারিত ফি প্রদান করে ক্লাশ শুরুর ৪০(চল্লিশ) দিনের মধ্যে এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমে নিবন্ধনভূক্ত হতে হবে। নিবন্ধনের মেয়াদ হবে ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ৪(চার) শিক্ষাবর্ষ।

৪.২ ৪(চার) শিক্ষাবর্ষ পর কোন শিক্ষার্থী পুনরায় এ শিক্ষাক্রমে অধ্যয়ন করতে চাইলে তাকে বোর্ড নির্ধারিত রিটেনশন ফি (সংযোগ রক্ষাকারী ফি) দিয়ে নিবন্ধন নবায়ন করতে হবে। এ নবায়নের মেয়াদ হবে এক বছর। এ সুযোগ শুধুমাত্র একবারই গ্রহণ করা যাবে।

৪.৩ এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় কোন শিক্ষার্থী অন্য কোন কোর্সে অধ্যয়ন করতে পারবে না। কোন শিক্ষার্থী এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় অন্য কোন কোর্সে অধ্যয়ন করলে তার রেজিষ্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

## ৫. সাধারণ নিয়মাবলী

৫.১ নবম ও দশম শ্রেণিতে অধ্যয়নরত কোন শিক্ষার্থী সংশ্লিষ্ট বর্ষে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশে নির্ধারিত হাজিরা এবং তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নে পৃথক পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে।

৫.২ নবম শ্রেণিতে নিবন্ধনভূক্ত কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনঃ ভর্তি হয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পারবে। তবে এ সুযোগ সাধারণভাবে একবারই গ্রহণ করা যাবে।

৫.৩ নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর ছাত্র-ছাত্রীরা দশম শ্রেণিতে সাময়িকভাবে অধ্যয়ন করার সুযোগ পাবে। তবে নবম শ্রেণিতে ঐচ্ছিক বিষয় বাদে চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে দশম শ্রেণিতে অধ্যয়ন করার সাময়িকভাবে দেয়া সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

৫.৪ নবম শ্রেণিতে অনুর্ধ্ব তিন বিষয়ে (আবশ্যিক) অকৃতকার্য শিক্ষার্থী দশম শ্রেণিতে অধ্যয়ন অব্যাহত রাখতে পারবে। এরূপ শিক্ষার্থী দশম শ্রেণিতে নিয়মিত পরীক্ষার্থী এবং পরবর্তি নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণের সুযোগ পাবে। এ সুযোগ রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে। নবম শ্রেণির অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে উত্তীর্ণ না হওয়া পর্যন্ত দশম শ্রেণিতে উত্তীর্ণ হলেও তার ফলাফল স্থগিত থাকবে।

৫.৫ নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় চার বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী পরবর্তি নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণের সুযোগ পাবে। এ সুযোগ রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে। অনিয়মিত হিসেবে পরীক্ষায় অংশ গ্রহণের পরবর্তীতে ফলাফল অনুর্ধ্ব তিন বিষয়ে (আবশ্যিক) অকৃতকার্য থাকলে তার ক্ষেত্রেও ৫.৪ এর ধারা প্রযোজ্য হবে।

৫.৬ দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরবর্তি দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত সময়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দিতে পারবে।

৫.৭ অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং কৃতকার্য বিষয়সমূহের চূড়ান্ত মূল্যায়নের নম্বর বোর্ডে সংরক্ষিত থাকবে।

৫.৮ নবম শ্রেণিতে কোন শিক্ষার্থী বাস্তব প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে দশম শ্রেণি পাঠ্যবছরে ছুটিকালীন সময়ে অথবা দশম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ পরবর্তি কোন সময়ে নিজ ব্যয়ে নবম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করে পরীক্ষায় অংশ গ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে।

৫.৯ দশম শ্রেণিতে কোন শিক্ষার্থী বাস্তব প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে পরবর্তি বৎসর দশম শ্রেণির বাস্তব প্রশিক্ষণের সময় নিজ ব্যয়ে দশম শ্রেণির বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করে পরীক্ষায় অংশ গ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে।

৫.১০ শিক্ষার্থীকে পৃথকভাবে ব্যবহারিক ও তাত্ত্বিক ক্লাশে ন্যূনপক্ষে শতকরা ৮০ ভাগ উপস্থিত থাকতে হবে। অসুস্থতা বা গ্রহণযোগ্য অন্য কোন কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশক্রমে প্রতিষ্ঠান প্রধান আরও শতকরা ১০ ভাগ হাজিরা মওকুফ করতে পারবেন। অন্যথায় সংশ্লিষ্ট বোর্ড সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ফরম পূরণের সুযোগ পাবে না।

৫.১১ দশম শ্রেণির কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ হওয়ার কারণে অথবা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোন কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে পরবর্তি শিক্ষাবর্ষে রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত সময়ে দশম শ্রেণিতে পুনঃ ভর্তি হওয়ার সুযোগ পাবে।

৫.১২ কোন শিক্ষার্থী নবম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তিতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে না এবং দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয় অন্তর্ভূক্ত করতে পারবে না।

৫.১৩ কোন শিক্ষার্থী দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশ গ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তিতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণের সুযোগ পাবে না এবং নবম শ্রেণিতে উত্তীর্ণ ঐচ্ছিক বিষয়ের প্রাপ্ত জিপি চূড়ান্ত ফলাফলে কোন প্রভাব ফেলবে না।

৫.১৪ দশম শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশ গ্রহণ করে কৃতকার্য হলে অন্যান্য সকল বিষয়ে উত্তীর্ণ থাকলে ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ অপেক্ষা বেশী হলে ২ এর অধিক জিপি যোগ করে জিপিএ নির্ধারণ করা হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ বা তার কম হলে এ জিপি চূড়ান্ত ফলাফলে যুক্ত হবে না।

## ৬.০ ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি

৬.১ তাত্ত্বিক বিষয়ে বা কোন বিষয়ের তাত্ত্বিক অংশে নির্ধারিত মোট নম্বরের ৬০% নম্বর বোর্ড সমাপনী পরীক্ষার জন্য এবং ৪০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।

৬.২ ব্যবহারিক বিষয়ে বা কোন বিষয়ের ব্যবহারিক অংশে নির্ধারিত মোট নম্বরের ৫০% নম্বর বোর্ড সমাপনী পরীক্ষার জন্য এবং ৫০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।

৬.৩ তাত্ত্বিক বিষয়/বিষয়ের তাত্ত্বিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (তাত্ত্বিক ধারাবাহিক অংশের মোট নম্বরের শতকরা হারে):

| | | |
|---|---|---|
| বর্ষমধ্য পরীক্ষা | : | ৫০% |
| ক্লাশ টেস্ট, কুইজ টেষ্ট ও এসাইনমেন্ট (প্রতিটির জন্য বর্ষমধ্য পরীক্ষার পূর্বে ন্যূনতম ২টি এবং পরে ২টি) | : | ৪০% |
| উপস্থিতি (৭০% ও তার উর্ধ্বে আনুপাতিক হারে) | : | ১০% |
| মোট | : | ১০০% |

[উপস্থিতি :

| | | |
|---|---|---|
| | ৯০% বা এর উর্ধ্বে | ১০% |
| | ৮৫% - ৯০% এর নীচে | ৯% |
| | ৮০% - ৮৫ % এর নীচে | ৮% |
| | ৭৫% - ৮০% এর নীচে | ৬.৫% |
| | ৭০% - ৭৫ % এর নীচে | ৫%] |

৬.৪ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক ধারাবাহিক অংশের মোট নম্বরের উপর ভিত্তি করে):

**প্রতি জব এক্সপেরিমেন্ট এর জন্য নির্ধারিত নম্বর : ১০**

| | | |
|---|---|---|
| জব অনুশীলন | : | ৬ |
| রিপোর্ট প্রস্তুতকরণ | : | ২ |
| পরিচছন্নতা ও নিরাপত্তা অবলম্বন | : | ২ |
| মোট | : | ১০ |

উদাহরণঃ
ব্যবহারিক ধারাবাহিক নম্বর ২৫
অনুষ্ঠিত মোট জব ১২টি
মোট নম্বর ১২ × ১০ = ১২০
শিক্ষার্থী ১০টি জবে অংশ গ্রহণ করে প্রাপ্ত নম্বর ৬০ হলে
এক্ষেত্রে তার প্রাপ্ত নম্বর হবে ৬০×২৫÷১২০= ১২.৫

**সকল জবের নম্বর ধারাবাহিকের জন্য নির্ধারিত মোট নম্বরে রূপান্তর করতে হবে।**

**বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নের নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।**

৬.৫ বোর্ড পরীক্ষায় ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের প্রতি অংশ (ধারাবাহিক ও চূড়ান্ত)-এ পাশ নম্বর হবে শতকরা ৩৩।

৬.৬ ক্লাশ চলাকালে বর্ষপঞ্জী অনুযায়ী ১৭-১৮তম সপ্তাহে তাত্ত্বিক বিষয়ের উপর প্রতিষ্ঠান বর্ষমধ্য পরীক্ষা গ্রহণ করবে।

৬.৭ বর্ষমধ্য পরীক্ষার জন্য বিষয় শিক্ষক সংশ্লিষ্ট বিষয়ের/বিষয়সমূহের প্রশ্নপত্র প্রণয়ন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন। একই বিষয়ের জন্য একাধিক শিক্ষক থাকলে তারা যৌথভাবে বা প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে তাদের মধ্যে যে কোন একজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করবেন।

৬.৮ প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়ে ন্যূনতম ৫ সদস্যের পরীক্ষা কমিটি গঠন করতে হবে। প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা কমিটির মাধ্যমে বর্ষমধ্য পরীক্ষার প্রশ্নপত্র সমন্বয়, পরীক্ষার সময়সূচী ঘোষণা এবং পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।

৬.৯ বর্ষমধ্য পরীক্ষার উত্তরপত্র সংশ্লিষ্ট বিষয় শিক্ষক মূল্যায়ন করবেন। প্রয়োজনে পরীক্ষা কমিটি অন্য শিক্ষক দ্বারাও উত্তরপত্র মূল্যায়ন করাতে পারবেন। তবে, একই বিষয়ে একাধিক শিক্ষক থাকলে পরীক্ষা কমিটি সংশ্লিষ্ট যে কোন শিক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়ন করাতে পারবেন।

৬.১০ মূল্যায়িত উত্তরপত্র পরীক্ষা শেষ হওয়ার পনের দিনের মধ্যে শিক্ষার্থীদেরকে দেখার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীদেরকে অবহিত করানোর পর নম্বরসহ উত্তরপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে। প্রতিষ্ঠান প্রধান উত্তরপত্র সংরক্ষণ করবেন।

৬.১১ হাজিরাসহ মূল্যায়নকৃত ব্যবহারিক কাজ ও উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত যাবতীয় রেকর্ড পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ছয় মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে বোর্ডে প্রেরণ করতে হবে।

৬.১২ প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠান প্রধান একটি অগ্রগতি কার্ড (Progress Card) যথাসময়ে সংশ্লিষ্ট শিক্ষক দ্বারা পূরণের ব্যবস্থা করবেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অগ্রগতি কার্ড সরবরাহ করা হবে।

৬.১৩ প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট ট্রেড-এর জন্য কর্মক্ষেত্রে ৬(ছয়) সপ্তাহের বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং) এর ব্যবস্থা করবেন। সংশ্লিষ্ট শিল্পকারখানা বা সংস্থা কর্তৃক নিয়োজিত প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক নিয়োজিত শিক্ষক যৌথভাবে এ বাস্তব প্রশিক্ষণ তদারকি ও মূল্যায়ন করবেন। প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীকে বাস্তব প্রশিক্ষণের উপর একটি প্রতিবেদন দাখিল করতে হবে। বাস্তব প্রশিক্ষণ মূল্যায়নের নম্বর বন্টন হবে নিম্নরূপঃ

| | | | |
|---|---|---|---|
| ক. | উপস্থিতি | : | ৩০% |
| খ. | দৈনন্দিন কাজ | : | ৪০% |
| গ. | দৈনন্দিন কাজের রেকর্ড | : | ১০% |
| ঘ. | প্রতিবেদন | : | ২০% |
| | মোট | | ১০০% |

**বোর্ডের নির্দেশনা মোতাবেক বাস্তব প্রশিক্ষণের নম্বর বোর্ডে প্রেরণ করতে হবে।**

## ৭.০ চূড়ান্ত মূল্যায়ন

৭.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড নবম শ্রেণি সমাপনান্তে নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা এবং দশম শ্রেণি সমাপনান্তে দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা বোর্ড নির্ধারিত কেন্দ্রে গ্রহণ করবে।

৭.২ ৪৫ ও তদূর্ধ নম্বরের বিষয়ের জন্য পরীক্ষার সময় ৩ ঘন্টা এবং ৪৫-এর কম নম্বরের জন্য পরীক্ষার সময় ২ ঘন্টা ও সকল ব্যবহারিক পরীক্ষার সময় ৩ ঘন্টা নির্ধারিত থাকবে।

৭.৩ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের চূড়ান্ত মূল্যায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শ্রেণি শিক্ষক আভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে এবং বোর্ড অনুমোদিত অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে সম্পন্ন করবেন এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক চূড়ান্ত অংশের মোট নম্বরের শতকরা হারে):

| | | | |
|---|---|---|---|
| ক. জব /এক্সপেরিমেন্ট | | : | ৬০% |
| জব | ৫০% | | |
| পরিচ্ছন্নতা ও নিরাপত্তা অবলম্বন | ১০% | | |
| খ. জব /এক্সপেরিমেন্ট রিপোর্ট | | : | ২০% |
| গ. মৌখিক পরীক্ষা | | : | ২০% |
| মোট | | : | ১০০% |

**বোর্ডের নির্দেশনা মোতাবেক ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার নম্বরপত্র পরীক্ষা সম্পন্ন হওয়ার তিন দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে।**

৭.৪ বোর্ডের প্রচলিত নিয়ম অনুসারে ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের পরীক্ষা নির্ধারিত কেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা (অফিসার-ইন-চার্জ) এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।

৭.৫ তাত্ত্বিক বিষয়ের বোর্ড সমাপনী পরীক্ষা অনুষ্ঠানের শেষে ভারপ্রাপ্ত কর্মকর্তা ঐ দিনই উত্তরপত্রসমূহ সীল গালা করে বীমাকৃত পার্সেল ডাক যোগে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করবেন।

## ৮.০ ফলাফল ঘোষণা ও সনদ প্রদান

৮.১ নবম ও দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় কোন শিক্ষার্থী আবশ্যিক সকল বিষয়ে ন্যূনতম D গ্রেড পেলে তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।

৮.২ নবম ও দশম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় আবশ্যিক সকল বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীকে বোর্ড হতে এসএসসি (ভোকেশনাল) সনদপত্র প্রদান করা হবে।

৮.৩ প্রতি বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর ঐচ্ছিক বিষয় ব্যতীত ও ঐচ্ছিক বিষয়সহ Grade Point Average (GPA) নির্ধারণপূর্বক শিক্ষাগত মূল্যায়ণপত্র প্রদান করা হবে।

৮.৪ কোন পরীক্ষার্থী এক/একাধিক আবশ্যিক বিষয়ে 'F' পেলে সনদপত্র পাবে না, তবে শিক্ষাগত মূল্যায়ণপত্র প্রদান করা হবে।

৮.৫ শিক্ষার্থীদের নিম্নরূপ গ্রেড পয়েন্টের ভিত্তিতে মূল্যায়ন করা হবে :

| লেটার গ্রেড | প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি | গ্রেড পয়েন্ট |
|---|---|---|
| **A+** | ৮০% হতে ১০০% | ৫.০০ |
| **A** | ৭০% হতে ৮০% এর নীচে | ৪.০০ |
| **A-** | ৬০% হতে ৭০% এর নীচে | ৩.৫০ |
| **B** | ৫০% হতে ৬০% এর নীচে | ৩.০০ |
| **C** | ৪০% হতে ৫০% এর নীচে | ২.০০ |
| **D** | ৩৩% হতে ৪০% এর নীচে | ১.০০ |
| **F** | ০০% হতে ৩৩% এর নীচে | ০ |

৮.৬ এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রম সাধারণ শিক্ষা এবং জাতীয় দক্ষতার তৃতীয় ও দ্বিতীয় মান সমন্বয়ে গঠিত। কোন শিক্ষার্থী নবম ও দশম শ্রেণির সকল বিষয়ে উত্তীর্ণ হলে অথবা শুধুমাত্র ট্রেড বিষয়ে উত্তীর্ণ হলেও বোর্ড র্নিধারিত নম্বরের স্কীল পরীক্ষায় অংশ গ্রহণ করে উত্তীর্ণ হলে নবম শ্রেণির জন্য জাতীয় দক্ষতা মান ৩য় এবং দশম শ্রেণির জন্য জাতীয় দক্ষতা মান ২য় সনদ প্রদান করা হবে।

৮.৭ ফলাফল মান উন্নয়নের লক্ষ্যে পরীক্ষার্থীকে অব্যবহিত পরবর্তি বছরেই বোর্ড সমাপনী পরীক্ষায় আবশ্যিক বিষয়ের শুধুমাত্র তাত্ত্বিক অংশের পরীক্ষা দিতে হবে। পরীক্ষার্থীর ফল উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের ফল বহাল থাকবে। তবে ঐচ্ছিক বিষয়ে মান উন্নয়নের সুযোগ নেই।

## ৯.০ পরীক্ষানুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলা বিধি

বোর্ডের অনুমোদিত সমন্বিত শৃঙ্খলা বিধি ও উপবিধি এ পাঠ্যক্রমের জন্য অনুসরণ করা হবে। সরকারের সময় সময়ে জারীকৃত পাবলিক এক্সামিনেশন এ্যাক্টর এক্ষেত্রে প্রযোজ্য হবে।

## ১০. বদলীতে ভর্তি

১০.১ শিক্ষার্থী বদলীর ক্ষেত্রে পাঠ্যক্রম ও ট্রেডের মিল থাকতে হবে।

১০.২ নবম শ্রেণীর কোন শিক্ষার্থী বদলীর আবেদন বিবেচনা করা হবে না।

১০.৩ কোন অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলীতে ভর্তি হতে পারবে না।

১০.৪ কেবল মাত্র ১০ম শ্রেণীর শিক্ষার্থীরা নতুন বর্ষের ক্লাস শুরু হওয়ার ৩ মাসের মধ্যে বদলীতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১০.৫ সরকারী প্রতিষ্ঠানে শিক্ষার্থী কেবল মাত্র সরকারী প্রতিষ্ঠানে এবং বেসরকারী প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবল মাত্র বেসরকারী প্রতিষ্ঠানে বদলীতে ভর্তি হওয়ার সুযোগ পাবে।

১০.৬ বদলীতে ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থী অভিভাবকের প্রতিস্বাক্ষরসহ বিমুক্তকারী ও গ্রহণকারী প্রতিষ্ঠান প্রধানের সুপারিশসহ ক্লাস শুরুর ৩ মাসের মধ্যে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে সোনালী ব্যাংক, আগারগাঁও শাখার অনুকূলে নির্ধারিত ফি এর ব্যাংক ড্রাফট সহ আবেদন করতে হবে।

১১. এ প্রবিধানের ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধুমাত্র বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ প্রবিধানে অনুল্লিখিত কোন শিক্ষা বিষয়ে ব্যাখ্যা প্রদান করার ক্ষমতা বোর্ডের নিকট সংরক্ষিত থাকবে।

## পরিশিষ্ট 'ক'

এসএসসি (ভোকেশনাল) শিক্ষাক্রমের ট্রেডসমূহ

| ক্রমিক নং | ট্রেড কোড | ট্রেডের নাম | ক্রমিক নং | ট্রেড কোড | ট্রেডের নাম |
|---|---|---|---|---|---|
| ১. | ৬১ | এগ্রোবেসড্ ফুড | ১৬. | ৭৬ | ফুড প্রসেসিং অ্যান্ড প্রিজার্ভেশন |
| ২. | ৬২ | জেনারেল ইলেকট্রনিক্স | ১৭. | ৭৭ | জেনারেল মেকানিক্স |
| ৩. | ৬৩ | অটোমোটিভ | ১৮. | ৭৮ | লাইভস্টক রিয়ারিং অ্যান্ড ফার্মিং |
| ৪. | ৬৪ | বিল্ডিং মেইনটেন্যান্স | ১৯. | ৭৯ | মেশিন টুলস অপারেশন |
| ৫. | ৬৫ | উড ওয়ার্কিং | ২০. | ৮০ | পোল্ট্রি রিয়ারিং অ্যান্ড ফার্মিং |
| ৬. | ৬৬ | সিরামিক | ২১. | ৮৯ | পেশেন্ট কেয়ার |
| ৭. | ৬৭ | সিভিল কন্সট্রাকশন | ২২. | ৯০ | জেনারেল ইলেকট্রিক্যাল ওয়ার্কস |
| ৮. | ৬৮ | কম্পিউটার ও তথ্য প্রযুক্তি | ২৩. | ৯১ | প্লাম্বিং অ্যান্ড পাইপ ফিটিং |
| ৯. | ৬৯ | সিভিল ড্রাফটিং উইথ ক্যাড | ২৪. | ৯২ | রিফ্রিজারেশন অ্যান্ড এয়ারকন্ডিশনিং |
| ১০. | ৭০ | মেকানিক্যাল ড্রাফটিং উইথ ক্যাড | ২৫. | ৯৩ | গ্লাস |
| ১১. | ৭১ | ড্রেস মেকিং | ২৬. | ৯৪ | ফ্লাওয়ার, ফ্রুট অ্যান্ড ভেজিটেবল কাল্টিভেশন |
| ১২. | ৭২ | ডাইং, প্রিন্টিং অ্যান্ড ফিনিশিং | ২৭. | ৯৫ | উইভিং |
| ১৩. | ৭৩ | ইলেকট্রিক্যাল মেইনটেন্যান্স ওয়ার্কস | ২৮. | ৯৬ | ওয়েল্ডিং অ্যান্ড ফেব্রিকেশন |
| ১৪. | ৭৪ | ফার্ম মেশিনারি | ২৯. | ৯৭ | আর্কিটেকচারাল ড্রাফটিং উইথ ক্যাড |
| ১৫. | ৭৫ | ফিস কালচার অ্যান্ড ব্রিডিং | ৩০. | ৯৮ | নিটিং |
| | | | ৩১. | ৯৯ | শ্রিম্প কালচার অ্যান্ড ব্রিডিং |